

প্রতিবেদকঃ মোঃ নবীউল কারিম সরকার, সহকারী প্রোগ্রামার,

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাটগ্রাম, লালমনিরহাট।

গত ২৪ অক্টোবর ২০১৯, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীনে “সদ্য বিলুপ্ত ছিটাইলুলোতে আইসিটি প্রশিক্ষণ ও অবকাঠামো স্থাপন” শীর্ষক কর্মসূচীর আওতায় আইটি সাপোর্ট টেকনিশিয়ান (NTVQF -level-1) কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাননীয় মহাপরিচালক **জনাব এ.বি.এম. আরশাদ হোসেন** (অতিরিক্ত সচিব)।



উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে ৩ টি ব্যাচে ২০ জন করে মোট ৬০ জন পিছিয়ে পড়া ছিটাইলবাসী ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের সৈনিক হিসেবে নিজেকে গড়ে তোলার সুযোগ পায়। প্রধান অতিথি প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলেন “ এই আইটি সাপোর্ট টেকনিশিয়ান (NTVQF -level-1) প্রশিক্ষণ আপনাদের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং তথ্য প্রযুক্তি খাতে একজন দক্ষ মানব সম্পদ হিসেবে বিবেচিত হবে”। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ রুহুল আমীন বাবুল, কর্মসূচি পরিচালক জনাব ফিরোজ সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) জনাব মোঃ রফিকুল ইসলাম এবং সহকারী কর্মসূচি পরিচালক জনাব দিদারুল কাদির।



উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার জনাব দীপক কুমার দেব শর্মা